গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
এমআইএস
www.coop.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন"

নম্বর ৪৭.৬১.০০০০.০৪৪.১৮.০০২.২১.১৬৪

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৯
২৫ মে ২০২২

নোটিশ

বিষয়: **অবহিতকরণ সভা।**

সমবায় অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনার আওতায় সেবা প্রদান বিষয়ে অংশীজনের (Stakeholders) সমন্বয়ে আগামী ২৯-০৫-২০২২ তারিখ রোজ রবিবার সকাল ১০:১৫ ঘটিকায় সমবায় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কক্ষ নং-৮১৬ হতে জুমের মাধ্যমে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত জুম সভার সভাপতিত্ব করবেন জনাব **কাজী মেসবাহ উদ্দিন আহমেদ, অতি.নি. (ইপিপি) (অ.দা.), সমবায় অধিদপ্তর, ঢাকা।**

০২। উক্ত অবহিতকরণ সভায় আপনাকে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**আলোচ্যসূচি:**

১. সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি, সফলতা, সমস্যা চিহ্নিতকরণ ও করণীয়;

২. বিবিধ

Zoom ID: 3415230704
P/W:123456

২৫-৫-২০২২
কাজী মেসবাহ্ উদ্দিন আহমেদ
যুগ্ম-নিবন্ধক
ফোন: ৮৮-০২-৪৮১১৯৩০৫
ফ্যাক্স: ৮৮-০২-৯১৩৯৫৬৫
ইমেইল:
jr.res&mis@coop.gov.bd

বিতরণ:

১) জনাব............................................., সুধীজন/জাতীয় সমবায় সমিতির নেতৃবৃন্দ

২) অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট............

৩) জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়...............

৪) উপজেলা/মেট্রো: থানা সমবায় কর্মকর্তা...............

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়
মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
এমআইএস
এফ-১০, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

**সমবায় অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে অংশীজনের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী**

সভাপতি: কাজী মেসবাহ উদ্দিন আহমেদ
অতিরিক্ত-নিবন্ধক (ইপিপি) (অ.দা.)
ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
সমবায় অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ: ২৯-০৫-২০২২ খ্রিঃ
সময়: সকাল ১০.৩০ টা, রবিবার
স্থান: কক্ষ নং-৮১৬, সমবায় অধিদপ্তর,ঢাকা।
সভায় জুমে সংযুক্ত কর্মকর্তাদের তালিকা 'ক'তে প্রদর্শিত হয়েছে।

সমবায় অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত স্টেকহোল্ডারের সমন্বয়ে অবহিতকরণ সভা অতিরিক্ত-নিবন্ধক (ইপিপি) (অ.দা.) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভাপতি উপস্থিত জাতীয় সমবায়ের নেতৃবৃন্দ, জেলা সমবায় কর্মকর্তাবৃন্দ, জেলা/মেট্রো: থানা সমবায় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দদের সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির আহবায়ক/সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ ২০২১-২০২২ অর্থবছর হতে সকল সরকারি দপ্তরের সেবাসমূহ নাগরিকের দৌরগড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে অবহিতকরণ সভা আয়োজন করার নির্দেশনা প্রদান করেছেন। সে লক্ষ্যে সমবায় অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে নাগরিকদের এবং অভ্যন্তরীণ কর্মকর্তা/কর্মচারীবৃন্দদের নিকট কি কি সেবা প্রদান করা হয় এবং তা কিভাবে ও কতদিন সময়ের মধ্যে সেবা প্রদান করা হয় তা সভায় উপস্থাপন করা হয়।

সভাপতি সকলকে জানান যে, সরকারি দপ্তর সংস্থাসমূহের মধ্যে সঠিক সময়ে সেবা না দেয়ার প্রবণতা থেকে বের হয়ে আসার নিমিত্ত সরকার সকল সেবা জনগণকে সঠিক সময়ে পৌছে দেয়ার জন্য বিভিন্ন ধরণের কার্যক্রম গ্রহণ করেছেন। যেমন, জিআরএস, এনআইএস, সিটিজেন চার্টার ইত্যাদি এবং সেবা সহজীকরণের মাধ্যমে ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে সেবা জনগণের নিকট পৌছে দিচ্ছে।

অবহিতকরণ সভায় জনাব মো: আখিরুল ইসলাম, জিএম, জাতীয় শিল্প সংস্থা লি: নারায়ণগঞ্জ জানান যে, জাতীয় শিল্প সংস্থা ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত হয়েছে। উক্ত জাতীয় সমবায় সমিতির ১৭.৫ একর জমি উপর প্রতিষ্ঠিত হয়েছে যার কিছু গোডাউন রয়েছে উক্ত গোডাউন হতে ভাড়া পেয়ে সমিতির আয়-ব্যয় নির্বাহ করা হয়। সমিতির ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করেছেন সমিতির নিজস্ব জমির উপর একটি প্রকল্প গ্রহণ করতে ইচ্ছুক। এক্ষেত্রে ডিপিপি প্রণয়নে সমবায় অধিদপ্তরের সহযোগিতা চাই।

উক্ত প্রশ্নের জবাবে সভাপতি জানান যে, জাতীয় শিল্প সমবায় সমিতির প্রকল্প গ্রহণের ক্ষেত্রে কি ধরণের প্রকল্প গ্রহণ করা হবে অর্থাৎ কনসেপ্ট পেপার প্রস্তুত করে সমবায় অধিদপ্তরের পরিকল্পনা শাখার যুগ্ম-

নিবন্ধক এবং উপ নিবন্ধক মাধ্যমে প্রকল্পের ডিপিপি প্রণয়নের সহযোগিতা নিতে পারবেন এবং সমিতি ব্যবস্থাপনা উইং হতে প্রকল্প অনুমোদনের সহযোগিতা প্রদান করা হয়। কোন জাতীয় সমবায় সমিতি কিভাবে প্রকল্প অনুমোদন গ্রহণ করবে এবং সমবায় সমিতি আইন ও বিধির আলোকে কি কি ডকুমেন্ট প্রয়োজন তা প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখ রয়েছে।

সভাপতি জেলা সমবায় কর্মকর্তা, চট্টগ্রামকে প্রশ্ন করে জানতে চান যে, আপনার কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সর্বশেষ হালনাগাদ কত দিন আগে করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগের কাঠামো অনুযায়ী প্রণয়ন করা হয়েছে কি না?

জবাবে জেলা সমবায় কর্মকর্তা জানান যে, সর্বশেষ সেবা প্রদান প্রতিশ্রুতি ৩ মাসের মধ্যে হালনাগাদ করা হয়েছে তবে কলাম ৭ ও কলাম ৮-এ পরিবর্তন আনতে হবে। সেখানে উর্ধ্বতন কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর নিজ কার্যালয় এবং উর্ধ্বতন অফিসের দেয়া রয়েছে যা সংশোধন করা হবে।

CCULB এর চেয়ারম্যান ঝুনাস ঢাকী জানান যে, সমবায় অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ৬ নম্বর কলামে নিবন্ধনের সময়সীমা ৭-৬০ দিন উল্লেখ রয়েছে। যা সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০১৩) অনুযায়ী ৭-৬০ দিন হলেও যদি কোন নিবন্ধনকারী কর্তৃপক্ষ উক্ত সময়সীমার মধ্যে নিবন্ধন সম্পন্ন না করে থাকেন তাহলে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন হয়ে যাবে। যা পূর্বের আইনে ছিল না। সংশোধিত ২০১৩ রয়েছে। উক্ত কলামে স্বয়ংক্রিয় নিবন্ধন শব্দটি লিপিবদ্ধ করা য়ায় কি না? স্বয়ংক্রিয়ভাবে হলেও নিবন্ধন নম্বর কোথায় পাওয়া যাবে অথবা কিভাবে পাওয়া যাবে?

জবাবে সভাপতি জানান যে, নিবন্ধন আইন অনুযায়ী উক্ত সময়সীমার মধ্যে নিবন্ধন প্রদান অথবা নিবন্ধন প্রত্যাখ্যান তা জানিয়ে দিতে হবে তবে এ ধরণের সময়সীমা অতিক্রম সাধারণত করা হয় না। উক্ত কলামে শুধুমাত্র সময়সীমা শব্দটি থাকার কারণে সময়সীমা উল্লেখ করা হয়েছে বর্ণনামূলক শব্দ প্রতিস্থাপন করার সুযোগ নেই যেহেতু আইনে সকল কিছুই বলা রয়েছে।

জেলা সমবায় কর্মকর্তা, বাগেরহাট জানান যে, যে সকল বিভাগব্যাপী প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নাম ও পদবি সিটিজেন চার্টারে কি হবে?

জবাবে সভাপতি জানান যে, উপজেলা/জেলা/বিভাগ/প্রধান কার্যালয়ের পৃথক পৃথক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) রয়েছে, সেক্ষেত্রে আপনার কার্যক্রমে সীমাবদ্ধতা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুত (সিটিজেন চার্টার) প্রণয়ন করতে হবে।

**সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

স্বাক্ষরিত/- (কাজী মেসবাহ উদ্দিন আহমেদ)
অতিরিক্ত-নিবন্ধক (ইপিপি) (অ.দা.)
ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর:৪৭.৬১.০০০০.০৪৪.১৮.০১১.২১. ১৮৪

তারিখ: ২৯-০৫-২০২২খ্রি.।

কার্যার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. অতিরিক্ত নিবন্ধক (সকল)............................................, সমবায় অধিদপ্তর, ঢাকা।

০২. জনাব.........................., উপ নিবন্ধক ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৩. জনাব ........................ সহকারী নিবন্ধক ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি,সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৪. জেলা সমবায় কর্মকর্তা............., জেলা সমবায় কার্যালয়, ঢাকা।

০৫. মেট্রো: থানা সমবায় কর্মকর্তা...................., মেট্রো: থানা সমবায় কার্যালয়, .........., ঢাকা।

০৬.নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারি (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।


০৭.অফিস নথি।

২৯.০৬.২২

কাজী মেসবাহ উদ্দিন আহমেদ
অতিরিক্ত-নিবন্ধক (ইপিপি) (অ.দা.)
ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
সমবায় অধিদপ্তর, ঢাকা।

| ক্র:নং | পদবি | কার্যালয় |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান | কাল্ব (CCULB) |
| ২. | জেনারেল ম্যানেজার | জাতীয় শিল্প সংস্থা লি: |
| ৩. | সভাপতি | জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি: |
| ৪. | সহ-সভাপতি | জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লি: |
| ৫. | সভাপতি | জাতীয় শিল্প সংস্থা লি: |
| ৬. | সভাপতি | বাংলাদেশ কো-অপারেটিভ ইন্সুরেন্স লি: |
| ৭. | সহ-সভাপতি | জাতীয় মার্কেটিং সোসাইটি লি: |
| ৮. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়, ঢাকা |
| ৯. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় নারায়ণগঞ্জ |
| ১০. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় রংপুর |
| ১১. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় সিলেট, |
| ১২. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় মৌলভীবাজার |
| ১৩. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় বাগেরহাট |
| ১৪. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় চট্টগ্রাম |
| ১৫. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়,খুলনা |
| ১৬. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় সিরাজগঞ্জ |
| ১৭. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় ভোলা |
| ১৮. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় চাঁদপুর |
| ১৯. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় ময়মনসিংহ |
| ২০. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় কুষ্টিয়া |
| ২১. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় চুয়াডাঙ্গা |
| ২২. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয় নোয়াখালী |
| ২৩. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়, গাজীপুর |
| ২৪. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়, মুন্সিগঞ্জ |
| ২৫. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়, নরসিংদী |
| ২৬. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়, দিনাজপুর |
| ২৭. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়, পাবনা |
| ২৮. | জেলা সমবায় কর্মকর্তা | জেলা সমবায় কার্যালয়, নাটোর |
| ২৯. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ |
| ৩০. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, সাথিঁয়া, পাবনা |
| ৩১. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, লোহাগড়া, চট্টগ্রাম |
| ৩২. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, বেড়া, পাবনা |
| ৩৩. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, সদর, গাজীপুর |
| ৩৪. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, সদর, মুন্সিগঞ্জ |
| ৩৫. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, সদর, দিনাজপুর |
| ৩৬. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, ,ফুলপুর, ময়মনসিংহ |
| ৩৭. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, সদর, রংপুর |
| ৩৮. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, খুলনা মেট্রো: |

| | | |
|---|---|---|
| ৩৯. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, গাজীপুর |
| ৪০. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, ফেনী সদর |
| ৪১. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা |
| ৪২. | উপজেলা সমবায় কর্মকর্তা | উপজেলা সমবায় কার্যালয়, বরিশাল সদর |


সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে সংশ্লিষ্টজনের সমন্বয়ে অবহিতকরণ সভা
তারিখ: ২৯ মে ২০২২, রবিবার
সমবায় অধিদপ্তর
Click to add notes